মেহেরপুরের কামদেবপুরে মানসিক ভারসাম্যহীন মায়ের আঘাতে মেয়ের মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর গ্রামের মানসিক ভারসাম্যহীন মায়ের আঘাতে মেয়ে কল্পনা খাতুন(১১) এর মৃত্যু হয়েছে।

মঙ্গলবার দুপুরে এই ঘটনা ঘটে। ঘটনার পর মা নাজমা খাতুন(৩০) কে পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। নাজমা খাতুন কামদেবপুর গ্রামের মাদার আলীর স্ত্রী।

স্থানীয়রা জানান, নাজমা খাতুনের জ্বীনের আচড় লাগে মাঝে মাঝে। এসময় সে বিভিন্ন উদ্ভট আচরণ করে। মঙ্গলবার কোন এক সময় তার মেয়ে কল্পনাকে মারধর করে। অতিরিক্ত পেটানোর ফলে সে মারা যায়। পরে সদর থানায় খবর দিলে এস আই হারুন এসে লাশ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানোর ব্যবস্থা করে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, আমি ঘটনাটি শুনেছি। লাশ মর্গে পাঠানো হয়েছে। রিপোর্ট আসার পর জানা যাবে মৃত্যুর আসল কারন। এ ঘটনায় নিহত কল্পনার মা নাজমা খাতুন কে থানায় নিয়ে আসা হয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে বেসরকারী সংস্থার উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

অসহায়, হতদরিদ্র ও ক্ষতিগ্রস্ত মানুষের খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতে গুড নেইর্বাস বাংলাদেশ, মেহেরপুর সিডিপি তার কর্মএলাকায় আসন্ন ঈদের আনন্দ সবার মাঝে ছড়িয়ে দিতে ৬৬০টি পরিবারকে ২৭ জুলাই থেকে ২৯ জুলাই তিনদিন ব্যাপি ’গুড

বাজার’ প্রকল্পের মাধ্যমে উপহার সামগ্রী বিতরণ করছে। উপহার সামগ্রীতে আছে চিনি সেমাই গুঁড়া দুধ পোলায়ের চাল ভাতের চাল ডাল সয়াবিন তেল লবণ পেয়াজ আলু সাবান সিভিট জিংক-বি লুঙ্গি শাড়ী গেঞ্জী মেহেদি ও হেয়ার ব্যান্ড। এসব সামগ্রী বিতরণের সময় সামাজিক দূরত্ব বজায় রাখা হয়।

গুড নেইবারস্ বাংলাদেশ, মেহেরপুর সিডিপি’র প্রজেক্ট ম্যানেজার মিঃ লিংকন রায়ের সহযোগিতায়, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা উসমান গনি, উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, কমিউনিটি ডেভেলভমেন্ট কমিটির সভাপতি সংকর বিশ্বাস, সাবেক চেয়ারম্যান আক্কাস আলী ও কমিউনিটি এ্যাকশন টিম এর উপস্থিতিতে এই অনুষ্ঠান উদ্বোধন করা হয়। সঞ্চালনায় ছিলেন ওই প্রকল্পের শিক্ষা অফিসার তসলিমা খাতুন।

◌্মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ওসমান গনি সহ অন্যান্য অতিথিরা বলেন বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের জন্য মানুষ অসহায় হয়ে উঠেছে। এ সংকট কাটিয়ে উঠার জন্য সকল বিত্তবান ও বেসরকারী সংস্থাকে সহযোগিতা নিয়ে এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানান।

গাংনীতে মহিলা ইয়াবা ব্যাবসায়ী আটক, ইয়াবা উদ্ধার

মেহেরপুর গাংনী উপজেলার বামুন্দীতে ইয়াবাসহ নারগিছ সুলতানা নামের এক ইয়াবা ব্যাবাসয়ীকে আটক করেছে জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যসা। এসময় নারগিছ সুলতানার স্বামী মাদক ব্যাবসায়ী সেন্টু পালিয়ে যায়। নারগিছ সুলতানার দেহ তল্লাশী করে ২০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়েছে। সোমবার দুপুরে তাকে তার নীজ বাড়ি থেকে তাকে আটক করে।

পুলিশ সুত্রে যানা গেছে, বামুন্দি গ্রামের বৈরাগি পাড়ার সেন্টু ও তার স্ত্রী নারগিছ সুলতানা (৩০) দির্ঘদিন ধরে ইয়াবা বেচা কেনা করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রক অধিদপ্তরের উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন সঙ্গীয় ফোর্স

নিয়ে অভিযান চালায়। ইয়াবা বিক্রির অপরাধে নারগিছ সুলতানা আটক করেন। পালিয়ে যায় স্বামী সেন্টু মিয়া। নারগিছ সুলতানার দেহ তল্লাশী করে ২০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মাদক দ্রব্য আইনে মামলা দিয়ে আজ মঙ্গলবার তাকে আদালতে প্রেরন করা হবে।

মেপ্র/আরজেএম

মেহেরপুরে নতুন করে দুই জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ২ জন করোনা আক্রান্ত হয়েছে। তারা সকলেই মেহেরপুর সদর উপজেলার বাসিন্দা।

আজ মোট ১৫ টি ফলাফল এসেছে। এর মধ্যে ২ জনের করোনা পজেটিভ এসেছে। এ নিয়ে জেলায় সর্বমোট পজেটিভ ১৫৪ টি (সদর- ৮১ গাংনী- ৫৮ মুজিবনগর- ১৫) টি।

আক্রান্ত দুই জন হলেন, টুম্পা (৩১) ও তুহিন (৩৪) তারা দু’জনেই মেহেরপুর সদর উপজেলার মদনাডাঙা গ্রামের বাসিন্দা।

আজ নমুনা পাঠানো হয়েছে ২৩ টি (সদর+হসপিটাল ১২ গাংনী ৬ মুজিবনগর ৫)।

এ নিয়ে সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ২৫৪৪ টি, সর্বমোট ফলাফল এসছে ২৩৪৪ টি। এর মধ্যে পজেটিভ ১৫৪ টি, বাকি গুলো সব নেগেটিভ।

এ নিয়ে জেলায় করোনায় মোট মৃত্যুর সংখ্যা ৭ জন। সুস্থ হয়েছেন ৮৯ জন, ট্রান্সফার্ড করা হয়েছে ১৩ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা আছেন ৪৪ (সদর ২২ গাংনী ১৬ মুজিবনগর ৬) জন।

মেহেরপুর সিভিল সার্জন আজ রাত আট টার সময় এ তথ্য নিশ্চিত করেন।

গাংনীতে ছাত্রলীগ উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

গাছ লাগান পরিবেশ বাঁচান এ শ্লোগানকে সামনে নিয়ে মুজিববর্ষ উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব আলী সবুজের উদ্দ্যোগে গাংনীতে গাছের চারা রোপন করা হয়েছে।

সোমবার দুপুরে গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে এ গাছের রোপন করার মধ্যে দিয়ে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়। মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধপনা নির্দেশনায়¡ হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠ সংলগ্ন জনতা ক্লাবে বৃক্ষরোপণ করা হয়।

আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবাহান। কর্মসূচীর শুভ উদ্বোধন করেন সাবেক ছাত্রলীগ নেতা মোঃ আব্দুস সামাদ সোহাগ।

এসময় মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোঃ শাহজাহান আলী,ফিরোজ আহম্মেদ, যুগ্ম -সাধারণ সম্পাদক ডালিম রানা,সাংগঠনিক সম্পাদক সাইফ হাসান কৌশিক, গাংনী পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক, ওয়ালিদ আল জাবির প্লাবন।

গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম -সাধারণ সম্পাদকঃ আসিফ ইকবাল অনিক,ছাত্রলীগ নেতা আবির, হিজলবাড়িয়া জনতা ক্লাবের সদস্য মো: নাজমুল হোসেন,সোহেল রানা স্বপন,শান্ত,রিফাজ,উজ্বল,শাহীন, সাইদ,রতন,মৃদুল,পল্লব,রিকো সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে প্রেমিকা পক্ষের লোকজনের আঘাতে প্রেমিক জখম

মেহেরপুর জেলার মুজিবনগরে প্রেমিকা পক্ষের লোকজনের আঘাতে গুরুতর জখম হয়েছে প্রেমিক তরিকুল। মেহেরপুরের পন্ডের ঘাট এলাকা থেকে তরিকুলকে তুলে নিয়ে গিয়ে রামনগর গ্রামের একটি প্রেমিকার বাড়িতে দরজা বন্ধ করে বেধড়ক পিটিয়েছে বলে অভিযোগ তরিকুলের।

পরে স্থানীয় ইউপি সদস্য আব্দুল হান্নান এর সহায়তায় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসা হয়। বর্তমানে আহত তরিকুল মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন আছে। তরিকুল মুজিবনগর উপজেলার গৌরিনগর গ্রামের মৃত মোশারফ হোসেনের ছেলে। সে পেশায় একজন কৃষক। তরিকুল পূর্ব বিবাহিত, তার বাড়িতে বউ আছে।

জানা যায়, তরিকুলের সাথে একই উপজেলার রামনগর গ্রামের প্রবাসী আজহারুল ইসলাম এর মেয়ে রেহেনা খাতুনের সাথে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। গত বৃহস্পতিবার দিবাগত রাতে তারা দু-জন অজানার উদ্দেশ্যে পাড়ি দেয়। এ ঘটনায় প্রেমিকার দাদা হাইবোতুল্লাহ বাদি হয়ে মুজিবনগর থানায় একটি অভিযোগ দায়ের করেন। পরে প্রেমিকা রেহেনা খাতুনের পক্ষের লোকজন তাকে বিভিন্নভাবে ফুসলিয়ে মেহেরপুরে নিয়ে আসে।

মেহেরপুরের পন্ডের ঘাট এলাকা থেকে রেহেনা ও তরিকুলকে তুলে নিয়ে যায় রেহেনার পরিবারের লোকজন। পরে একটি ঘরে হাত ও চোখ বেধে প্রেমিকার দাদা হাইবোতুল্লাহ সহ অজ্ঞাত আরও কয়েকজন বেধড়ক পেটাতে থাকে। খবর পেয়ে ইউপি সদস্য ঘটনাস্থলে গিয়ে তরিকুলকে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

রেহেনার দাদা হাইবোতুল্লাহ বলেন, ঘটনার সময় আমি ছিলাম না। বাড়ি এসে শুনলাম কয়েকজন ছেলে তরিকুলকে মেরেছে। তরিকুল আমার নাতনিকে নিয়ে কয়েকদিন আগে পালিয়ে যায়। তার কাছে থাকা গহনা গুলো বিক্রি করে টাকা হজম করে ফেলে। তাই হয়তো বাড়ির কিছু ছেলে তরিকুলকে মারতে পারে।

ইউপি সদস্য আব্দুল হান্নান জানান, আমার বাড়ির লেবারের কাছ থেকে শুনলাম যে তরিকুলকে কারা যেন মারধর করছে। খবর পেয়ে সেখানে ছুটে গিয়ে তাকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসি। প্রেম ঘটিত কারনে তরিকুলকে মারতে পারে বলে মনে হয়।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

মুজিবনগরে মেহেরপুর জেলায় নবযোগদান কৃত জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান মুজিবনগর উপজেলার জনপ্রতিনিধি,সরকারি কর্মকর্তা,বীর মুক্তিযোদ্ধা,সুধিজন ও সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছেন।

এ মতবিনিময় সভা উপলক্ষে সোমবার সকাল এগারোটার দিকে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়।মত বিনিময় অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি’র সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন ড.মোহাম্মদ মুনসুর আলম খান।

উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম,মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু,

জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারি বকুল,মোনাখালি ইউপি চেয়ারম্যান মফিজুর রহমানসহ উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ,উপজেলার সরকারি কর্মকর্তা বৃন্দ,সুধিজন উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানের সনচালনা করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব

কুমার কুন্ডু।

গাংনীতে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধা আহত

মেহেরপুরের গাংনীতে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় জোহরা খাতুন নামের এক বৃদ্ধা আহত হয়েছেন। সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলার রায়পুর বাজারের করিমপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। আহত বৃদ্ধা জুগিরঘোপা গ্রামের মুরাদ সরদারের স্ত্রী।

স্থানীয়রা জানান, বৃদ্ধা জোহরা খাতুন ৫০ রায়পুর বাজারের করিমপুর নামক স্থানে রাস্তা পার হতে গেলে বিপরীত দিক থেকে চঞ্চল নামক এক যুবক মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে সে ছিটকে পড়ে যায়। এ সময় বৃদ্ধার মাথায় প্রচন্ড আঘাত পেলে বৃদ্ধা জ্ঞান হারিয়ে ফেলে। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। বিদ্যার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরতচিকিৎসক ডাক্তার বিডি দাস তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান মোটরসাইকেলের ধাক্কায় এক বৃদ্ধার আহত হওয়ার ঘটনা শুনে সাথে সাথে পুলিশ পাঠানো হয়েছিল। বৃদ্ধা মহিলাকে চিকিৎসা দিতে পুলিশ সার্বিক সহযোগিতা করেছে।

পেরেকের বিষে জর্জরিত গাছ!

গাছ মানুষের পরম বন্ধু। গাছ যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা করে, তেমনি আর্থিকভাবেও উপকার করে। কিন্তু আমরা গাছের সঙ্গে নিষ্ঠুর

আচরণ করে থাকি। প্রয়োজনে অপ্রয়োজনে গাছকে হত্যা করার অলিখিত প্রতিযোগিতা চলছে যেন সর্বত্র। এ রকমই এক প্রতিযোগিতা চলছে মেহেরপুরে।
গাছে সাইনবোর্ড লাগানো দণ্ডনীয় অপরাধ। এই আইনের আওতায় জেল জরিমানা বিধান থাকলেও বাস্তবায়নে তেমন কোন উদ্যোগ দেখা যায় না। মেহেরপুরের সড়ক-মহাসড়কের পাশের সরকারি গাছে গাছে ঝুলছে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান, চিকিৎসক ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীদের প্রচার-প্রচারণার অসংখ্য সাইনবোর্ড-ব্যানার-ফেস্টুন ও বিজ্ঞাপন। পিছিয়ে নেই বিভিন্ন মেডিক্যাল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ভর্তি কোচিং সেন্টারগুলোও। এসব ব্যানার, ফেস্টুন, বিজ্ঞাপন ঝোলানো হয়েছে পেরেক ঠুকে। একেকটি গাছ যেন একেকটি বিজ্ঞাপন বোর্ড। এভাবে গাছে পেরেক ঠোকা হচ্ছে, অথচ তা দেখার কেউ নেই। আসলে কারও এ বিষয়ে কোনো মাথাব্যথাই নেই।
শুধু মেহেরপুরের প্রধান সড়ক গুলোতে নয়, গ্রামের অলিগলির সরকারি বেসরকারি গাছে এ পরিস্থিতি বিরাজ করছে। পোস্টার, ব্যানার ও বিজ্ঞাপনে এমনভাবে ছেয়ে গেছে যে কোনটা কোন গাছ, তা আর চেনার উপায় থাকে না। এটা খুবই বিপজ্জনক একটি ব্যাপার। পরিবেশবিদদের মতে, পেরেক লাগানোর কারণে গাছের গায়ে যে ছিদ্র হয়, তা দিয়ে পানি ও এর সঙ্গে বিভিন্ন ব্যাকটেরিয়া ও অণুজীব ঢোকে। এতে গাছের ওই জায়গায় দ্রুত পচন ধরে। ফলে তার খাদ্য ও পানি শোষণপ্রক্রিয়া ব্যাহত হয়। এতে গাছ মারাও যেতে পারে। তাই কোনো গাছে পেরেক ঠোকা মানে ওই গাছের চরম ক্ষতি করা। যেখানে আমাদের বেশি করে গাছ লাগানো এবং গাছের পরিচর্যা করা প্রয়োজন, সেখানে আমরা উল্টো গাছের ক্ষতি করে চলেছি।
আবুল কালাম এক কলেজ শিক্ষার্থী জানান, এভাবে রাজনৈতিক দলের প্রচারণা বা বিভিন্ন প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের জন্য গাছ ব্যবহার করা বন্ধ করতে হবে। একান্ত প্রয়োজন দেখা দিলে গাছের গায়ে তার বা রশি দিয়ে তা বেঁধে ব্যানার, ফেস্টুন লাগানো যেতে পারে। কোনোভাবেই পেরেক ঠোকা চলবে না।
জানা গেছে, গাছে পেরেক ঠুকে সাইনবোর্ড না লাগানোর বিষয়ে ২০০২ সালের ৭ জুলাই জাতীয় সংসদে একটি আইন পাস হয়। কিন্তু শুধু কাগজপত্রেই আইনটি আছে। বাস্তবে এর কোনো প্রয়োগ নেই। এই আইনটি সম্পর্কে সবাইকে জানাতে হবে এবং এর প্রয়োগ ঘটাতে হবে। গাছ রক্ষায় প্রয়োজনে আরও কঠোর আইন প্রণয়ন করতে হবে। তা না হলে গাছের গায়ে পেরেক ঠোকা কখনোই বন্ধ হবে না। পাশাপাশি জনসচেতনতা সৃষ্টিতে উদ্যোগ নিতে হবে।

পথচারী সজল জানান, আমরা কৃষক মানুষ সারা দিন রৌদ গরমে কাজ করে বাড়ি যাওয়ার সময় গাছের নিচে কিছু সময় বিশ্রাম নিই। কিছু কিছু গাছ আছে হাজারও বছরের স্মৃতি বহন করে যা আমরা দাদার আমল থেকে শুনে আসছি। এই সব গাছ গুলো তাদের সৌন্দর্য হারাচ্ছে।
সম্প্রতি মার্সেল কোম্পানির প্রায় ৫শ ফেস্টুন লাগানো হয়েছে সড়কের ধারের সরকারি গাছে।
মেহেরপুর শাখার ম্যানাজার রিমনের সঙ্গে এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, গাছে পেরেক ঠুকে ব্যানার লাগানো হয়েছে সে সম্পর্কে আমি জানিনা। আর তাছাড়া সবাইতো গাছেই পোস্টার ব্যানার লাগায়। মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজের ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক মাসুদ রেজা বলেন, গাছেরও জীবন আছে। বিভিন্ন পোস্টার ব্যানার ফেস্টুন পেরেক বা তার দিয়ে গাছের সাথে লাগালে এটি অবশ্যই ক্ষতিকর। পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছকে স্বাধীনভাবে বেড়ে উঠতে দিতে হবে। আমাদের জনবহুল দেশে সরকারি গাছ গুলোর রক্ষণাবেক্ষণ করা অতি জরুরী।
মেহেরপুর বন ও পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা জাফরুল্লাহ বলেন, গাছে গাছে পোস্টার লাগানোর বিরুদ্ধে আমরা ইতোমধ্যে বেশ কয়েকবার পদক্ষেপ নিয়েছি। কিন্তু রাজনৈতিক প্রেক্ষাপটে এটা নিয়ে সাফল্য অর্জন করতে পারিনি। ২০১৯ সালেও একবার উদ্যোগ গ্রহ করেছিলাম গাছে গাছে পোস্টার লাগানোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য। কিন্তু শেষমেশ কার্যকর হয়নি। মূলত সামাজিক দায়বদ্ধতা থেকে আমাদের সকলকেই এর বিরুদ্ধে সোচ্চার হতে হবে। শুধু প্রশাসনিক তৎপরতা থাকলেই কিন্তু পোস্টার লাগানো বিরত থাকবে না। প্রশাসনের পাশাপাশি নাগরিক সচেতনতাই পারে গাছকে পোস্টার মুক্ত রাখতে।

দরবেশপুর মটর শ্রমিক ইউনিয়ন শাখা কমিটির শপথ গ্রহণ

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের দরবেশপুর শাখার নব নির্বাচিত কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার বেলা ১২ টায় মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় মাঠে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের

সভাপতি আহসান হাবিব সোনার সভা পতিত্বে শপথ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন জেলা আওয়া লীগের সভাপতি ও পিরোজপুর ইউ পি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, জেলা পরিষদ সদস্য রফিকুল ইসলাম, বারাদী ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি শামিম ফেরদৌস, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, ৪ নং নম্বর ওয়ার্ড ইউপি সদস্য আরমান আলি, বারাদী বাজার কমিটির সভাপতি লিয়াকত সদ্দার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান। জেলা মোটর শ্রমিক ইউনিয়নের কার্যকরী সভাপতি সৈয়দ সোহেল।
এ সময় নব র্নিবাচিত কমিটির কার্যকরী সভাপতি ইলিয়াস হোসেন সহ-সভাপতি মাসুদ সাধারণ সম্পাদক শফিকুল আজম যুগ্ন-সম্পাদক স্বাধীন শেখ সহ-সাধারণ সম্পাদক খায়রুল ইসলাম সাংগঠনিক সম্পাদক আজমত আলী শ্রমিক কল্যাণ সম্পাদক সেলিম রেজা কোষাধ্যক্ষ সাইদুর রহমান প্রচার সম্পাদক আসলাম লাইন সম্পাদক মিজানুর রহমান সদস্য ১ শরিফুল ইসলাম, সদস্য ২ জাসদ সহ মোটর শ্রমিক ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত ১২ই জুলাই র্নিবাচনের দিন ছিলো। কিন্তু মহামারি করোনার কারণে জেলা পর্েযোয়র নেত্রীবৃন্দের সিদ্ধান্ত মোতাবেক বিনা প্রতিদ্বন্দ্বীতায় সকলে নির্বাচিত হন।